**Ben Sherman, Principal**
Mala Panday, *Assistant Principal*
Paul Seo, *Assistant Principal IA*

**46-21 Colden Street, Flushing, NY 11355**
Phone: (718) 353-0009
Fax: (718) 353-3772
www.ewsis.org

**ইস্ট-ওয়েস্ট স্কুল অব ইন্টারন্যাশনাল স্টাডিজ**
**কলেজ প্রস্তুতির সময়রেখা**

## ফ্রেশম্যান ইয়ার

- ❑ সকল কোর্সগুলোতে ভালো ফল করে দৃঢ় অ্যাকাডেমিক দক্ষতা বৃদ্ধি
- ❑ কঠোর পরিশ্রম করে এ্যাক্সিলেন্ট গ্রেড পেতে হবে
- ❑ গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (জিপিএ) ৮০% অথবা তার বেশি পেতে সর্বোচ্চ প্রচেষ্টা চালাতে হবে
- ❑ ফ্রেশম্যান ইয়ারে কমপক্ষে ৫টি ফিকশন/নন-ফিকশন বই পড়তে হবে
- ❑ স্কুল কর্মকাণ্ডে সংশ্লিষ্ট হতে হবে এবং কম্যুনিটি কর্মকাণ্ডে স্বেচ্ছাকর্মী হিশেবে কাজ করা প্রয়োজনীয়
- ❑ পরবর্তী চার বছরের জন্য আপনার পরিকল্পনা আলোচনা করতে আপনার কাউন্সেলরের সাথে কথা বলতে হবে
- ❑ নিজের কর্মকাণ্ড, সম্মানপ্রাপ্তি, কর্ম-অভিজ্ঞতা এবং অ্যাকাডেমিক রেকর্ডের খতিয়ান রেখে শিক্ষার্থী রেজ্যুমি তৈরি শুরু করতে হবে
- ❑ কলেজের জন্য অর্থ সঞ্চয় শুরু করা দরকার
- ❑ প্রযোজ্য হলে, যেসব বিষয়ে এসএটি পরীক্ষা দিতে হবে সেগুলোর জন্য রেজিস্টার করা প্রয়োজন
- ❑ ছুটির সময় কলেজ ক্যাম্পাসসমূহ পরিদর্শনের পরিকল্পনা থাকতে হবে

## সফোমোর ইয়ার

- ❑ একটি শক্তিশালী অ্যাকাডেমিক রেকর্ড তৈরি অব্যাহত রাখতে হবে
- ❑ গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (জিপিএ) ৮৫% অথবা তার অধিক অ্যাকাডেমিক অর্জনের লক্ষ্য নির্ধারণ করতে হবে
- ❑ পাঠ্যসূচি বর্হিভূত কর্মকাণ্ড এবং কম্যুনিটি পরিসেবায় অংশগ্রহণ অব্যাহত রাখতে হবে
- ❑ সফোমোর ইয়ারে ন্যূনতম ৫টি ফিকশন/নন-ফিকশন বই পড়তে হবে
- ❑ একজন সফোমোর হিশেবে পিএসএটি পরীক্ষা দেয়ার ব্যাপারে গাইডেন্স কাউন্সেলরের সাথে আলোচনা প্রয়োজন
- ❑ সফোমোর হিশেবে পিএসএটি পরীক্ষা দেয়ার ব্যাপারে কাউন্সেলরের সাথে কথা বলা দরকার
- ❑ অক্টোবরে পিএসএটি পরীক্ষা দিতে হবে
- ❑ ডিসেম্বরে পিএসএটি-র ফলাফল পাওয়া যাবে
- ❑ ওয়েবসাইট www.collegeboard.org দেখুন, পিএসএটি-র ফলাফল পর্যালোচনা করুন
- ❑ কলেজ, পেশা, এবং স্কলারশিপ বিষয়ে ইন্টারনেটে গবেষণা করুন
- ❑ প্রযোজ্য হলে, এসএটি বিষয়ের পরীক্ষার জন্য রেজিস্টার করুন
- ❑ আপনার স্টুডেন্ট রেজ্যুমি হালনাগাদ করুন
- ❑ ইউনিভার্সিটিগুলোতে সামারে যে সমৃদ্ধির কর্মসূচি দেয়া হয় সেগুলো সম্পর্কে খোঁজ-খবর নিন
- ❑ পেশাগত অনুসন্ধান সম্পূর্ণ করুন

**জুনিয়র ইয়ার**

- ❒ এই বছর কঠোর পরিশ্রমের জন্য তৈরি হোন!
- ❒ কলেজ প্রস্তুতির জন্য জুনিয়র ইয়ার সবচেয়ে গুরুত্বপূর্ণ বছর
- ❒ গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (জিপিএ) ৯০% বা তার বেশি অর্জনের চেষ্টা করুন
- ❒ জুনিয়র ইয়ারে কমপক্ষে ৫টি ফিকশন/নন-ফিকশন বই পড়া নিশ্চিত করুন

**সেপ্টেম্বরে/অক্টোবর**

- ❑ স্কুলে শক্তিশালীভাবে শুরু করুন
- ❑ পিএসএটি পরীক্ষার জন্য রেজিস্টার করুন এবং পরীক্ষা দিন

**নভেম্বর/ডিসেম্বর**

- ❑ পিএসএটি পরীক্ষা ফল বের হবে
- ❑ কলেজসমূহের একটি প্রাথমিক তালিকা প্রস্তুত করতে গবেষণা শুরু করুন
- ❑ আপনি যদি ফলের এসএটি ইলেকটিভে থাকেন তাহলে জানুয়ারির এসএটি পরীক্ষার জন্য রেজিস্টার করুন

**ডিসেম্বর/জানুয়ারি**

- ❑ এসএটি রিজনিং, এসএটি বিষয়ের, এবং/অথবা এসিটি পরীক্ষার জন্য রেজিস্টার করুন।
- ❑ আপনি কি আপনার গ্রাজুয়েশন শর্ত পূরণের পথে এগিয়ে যাচ্ছেন?

**ফেব্রুয়ারি/মার্চ**

- ❑একটি পৃথক প্যারেন্ট/স্টুডেন্ট কাউন্সেলর কনফারেন্সের জন্য অনুরোধ জানান
- ❑ কলেজ, পেশা, এবং স্কলারশিপের তথ্যের জন্য ওয়েবসাইটগুলো দেখা অব্যাহত রাখুন
- ❑ যে কলেজগুলোতে আপনি আগ্রহী সেগুলো পরিদর্শন শুরু করুন - স্প্রিং-এর ছুটিতে কলেজগুলো দেখার চমৎকার সময়
- ❑ সামারের ছুটিতে কী করবেন সেসব নিয়ে খোঁজ-খবর শুরু করুন
- ❑ স্কুল এবং কম্যুনিটি কর্মকাণ্ডে অংশগ্রহণ অব্যাহত রাখুন

**এপ্রিল/মে**

- ❑ যথাযথ এসএটি/এসিটি পরীক্ষা দিন
- ❑ কলেজ কাগজপত্রে একটি ফাইল পদ্ধতি তৈরি শুরু করুন
- ❑ কলেজ তথ্যের জন্য চিঠি পাঠাতে শুরু করুন
- ❑ কলেজ পরিদর্শন এবং/অথবা ইন্টারভিউ-এর জন্য অ্যাপয়েন্টমেন্ট নিন এবং আগ্রহের কলেজগুলো দেখুন

**জুন**

- ❑ এসএটি/এসিটি পরীক্ষা দিন
- ❑ শিক্ষকদের রিকমানডেশন লেটারের জন্য অনুরোধ জানান
- ❑ স্কুলের ফাইনাল পরীক্ষা এবং রিজেন্টস্ পরীক্ষা দিন
- ❑ আপনার স্টুডেন্ট রেজ্যুমি চূড়ান্ত করুন
- ❒ আপনার কলেজ তালিকা চূড়ান্ত করুন

**জুলাই/অগাস্ট**

- ❑ সামারে অর্থবহ কিছু করুন যা আপনি আপনার রচনা এবং ইন্টারভিউতে উল্লেখ করতে পারবেন
- ❑ ***কলেজগুলো সফর করুন***
- ❑ সম্ভাব্য কলেজ রচনার জন্য প্রস্তুতি শুরু করুন

**সিনিয়র ইয়ার**

- ❒ এ বছরে অনেক কিছু করার আছে! সবকিছু গুছিয়ে নিতে ভুলবেন না, সময়মত সবজিনিস শেষ করুন, এবং প্রশ্ন করুন
- ❒ গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (জিপিএ) ৯৫% বা তার বেশি অর্জন করতে কঠোর পরিশ্রম করুন
- ❒ পড়া অব্যাহত রাখুন – সিনিয়র বছরে কমপক্ষে ৫টি ফিকশন/নন-ফিকশন বই পড়া নিশ্চিত করুন

**সেপ্টেম্বর**

- ❑ গ্রাজুয়েশনের জন্য সকল কোর্স এবং ক্রেডিটের শর্ত আপনি পূরণ করেছেন সেবিষয়টি নিশ্চিত করুন
- ❑ এসএটি রিজনিং টেস্ট, এসএটি বিষয়ের পরীক্ষা, এবং/অথবা এসিটি পরীক্ষার জন্য রেজিস্টার করুন
- ❑ শিক্ষকগণ, কাজের কর্মকর্তা, এবং অন্য যারা আপনাকে ভালোভাবে চেনে তাদের সুপারিশপত্রের জন্য অনুরোধ জানান
- ❒ আপনি যদি আগাম সিদ্ধান্তের জন্য আবেদন করতে আগ্রহী হন, শেষ তারিখের দুই সপ্তাহ আগে আপনার কাউন্সেলরের কাছে আবেদনপত্র জমা দিন
- ❑ আপনার কলেজের জন্য বাধ্যতামূলক হলে সিএসএস ফাইনান্সিয়াল এইডের ফরমটি জমা দিন

**অক্টোবর**

- ❑ আপনার কাউন্সেলরের সাথে হাই স্কুল ট্র্যান্সকিপ্ট পর্যালোচনা করুন
- ❑ কলেজের জন্য রচনাটি শেষ করুন
- ❑ কলেজসমূহ পরিদর্শন অব্যাহত রাখুন
- ❑ গাইডেন্স অফিসে কলেজ প্রতিনিধিগণের স্কুল পরিদর্শনের সময়সূচিটির দিকে খেয়াল রাখুন
- ❑ এসএটি রিজনিং টেস্ট, এসএটি বিষয়ের পরীক্ষা, এবং/অথবা এসিটি পরীক্ষার জন্য রেজিস্টার করুন
- ❑ কলেজ আবেদনপত্র প্রস্তুতির কাজ অব্যাহত রাখুন – ***আগাম সিদ্ধান্তের শেষ তারিখের আগে সবকিছু শেষ করুন***
- ❑ কলেজ মেলা/ওপেন হাউসগুলোতে অংশ নিন
- ❑ স্কলারশিপের জন্য আবেদন করা শুরু করুন

**নভেম্বর**

- ❑ কলেজ বাছাই চূড়ান্ত করুন
- ❑ এসএটি রিজনিং টেস্ট, এসএটি বিষয়ের পরীক্ষা এবং/অথবা এসিটি পরীক্ষা দিন
- ❑ থ্যাংকসগিভিংয়ের সময় কলেজের বন্ধুদের সাথে কথা বলুন
- ❑ কলেজের আবেদনপত্র জমা দিন – আপনি যে কাগজপত্র পাঠাচ্ছেন সেগুলির কপি রাখুন
- ❑ এসএটি রিজনিং টেস্ট, এসএটি বিষয়ের পরীক্ষা এবং/অথবা এসিটি পরীক্ষার ফল সরাসরি কলেজগুলোতে পাঠান
- ❑ স্কলরশিপের তথ্যের খোঁজ রাখা অব্যাহত রাখুন
- ❑ রিকমান্ডেশনের চিঠির কী অবস্থা সেসব বিষয়ে খোঁজ-খবর নিন

**ডিসেম্বর/জানুয়ারি**

- ❑ জানুয়ারিতে http://www.fafsa.ed.gov/- ওয়েবসাইটে ফ্যাফসা(ফেডারেল ফিনানশিয়াল এইড ফরম) আবেদনপত্র পাওয়া যাবে- এটি শিক্ষার্থী এবং পিতামাতা কর্তৃক জানুয়ারির প্রথম দিকে অবশ্যই জমা দিতে হবে
- ❑ জেনে রাখুন: সব কলেজই মধ্য-বছরের গ্রেড দেখতে চায় – সুতরাং ***গ্রেড যেন নেমে না যায়*** সেদিকে খেয়াল রাখুন
- ❑ আপনার সব আবেদনপত্র কি জমা দেয়া হয়েছে?

ফেব্রুয়ারি/মার্চ

❑ যত শীঘ্র সম্ভব যথাযথ ফরমগুলো জমা দিন

❑ সময় থাকলে এখনও যেসকল আবেদনপত্র জমা দেয়া হয়নি সেসব কাজ শেষ করে ফেলুন

❑ যেসকল কলেজে আপনি ভর্তি-যোগ্য বিবেচিত হয়েছেন, যেসব কলেজে হননি, এবং যেগুলোতে ওয়েটিং লিস্টে আছেন্ সব তথ্য আপনার কাউন্সেলরকে জানান।

❑ স্কলারশিপের কী অবস্থা খোঁজ-খবর রাখা অব্যাহত রাখুন

এপ্রিল/মে

❑ কলেজ সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত নিন - প্রয়োজনীয় ফি জমা দিন

❑ সকল কলেজের সিদ্ধান্ত আপনার কাউন্সেলরকে জানান - আপনি যে কলেজে ভর্তি হতে আগ্রহী সে কলেজটিকে জানিয়ে দিন

❑ আপনার কাউন্সেলরের কাছে সকল স্কলারশিপ, অনুদান, এবং বৃত্তির কথা জানিয়ে দিন

জুন

❑ আপনার কাউন্সেলরের সাথে হাই স্কুল পরবর্তী পরিকল্পনাগুলো আলোচনা করুন

❑ সকল গ্রাজুয়েশনের শর্ত পূরণ করুন

❑ আপনার পছন্দের কলেজে আসন নিশ্চিত করতে সকল কাজের শেষদিন মেনে চলুন।

❑ গ্রাজুয়েশনের জন্য অভিনন্দন এবং ভবিষ্যত সুন্দর হোক সেই প্রত্যাশা রইলো